

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৫৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৮. রুকৃ অবস্থায় দুই হাঁটুর মাঝখানে হাত রাখা রহিত হয়েছে এবং তা উভয় হাঁটুতে রাখার নির্দেশ দেয়া হয়েছে

بَابُ ذِكْرِ نَسْخِ التَّطْبِيقِ ، وَالْأَمْرِ بِالْأَخْذِ بِالرُّكَبِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْفَارِسِيُّ ، ثَنَا أَبُو زُرْعَةَ الدِّمَشْقِيُّ ، ثَنَا يَحْيَى بْنُ يُوسُفَ الزِّمِيُّ ، ثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ و الرَّقِيُّ ، عَنْ أَيُّوبَ ، عَنْ أَبِي قِلَابَةَ ، عَنْ أَنسٍ أَنَّ رَسُولَ النِّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ صَلَّى بِأَصِحَابِهِ فَلَمَّا قَضَى صَلَاتَهُ ، أَقْبَلَ عَلَيْهِمْ بِوَجْهِهِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ صَلَّى بِأَصِحَابِهِ فَلَمَّا قَضَى صَلَاتَهُ ، أَقْبَلَ عَلَيْهِمْ بِوَجْهِهِ ، فَقَالَ : " أَتَقْرَءُونَ فِي صَلَاتِكُمْ ، وَالَّإِمَامُ يَقْرَأُ ؟ " . فَسَكَتُوا ، قَالَهَا ثَلَاثًا ، فَقَالَ قَائِلُ أَوْ ، فَقَالَ : " فَلَا تَفْعَلُوا ، وَلْيَقْرَأُ أَحَدُكُمْ بِفَاتِحَةِ الْكِتَابِ فِي نَفْسِهِ " . لَفْظُ حَدِيثِ الْفَارِسِيّ

বাংলা

১২৫৯(৮). মুহাম্মাদ ইবনে ইসমাঈল আল-ফারিসী (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবাদেরকে নিয়ে নামায পড়েন। নামাযশেষে তিনি তাদের দিকে ফিরে বলেনঃ ইমামের কিরাআত পাঠের সময় তোমরাও কি তোমাদের নামাযে কিরাআত পাঠ করো? তারা নীরব থাকলেন। এভাবে তিনি তিনবার জিজ্ঞেস করেন। তখন এক বা কয়েক ব্যক্তি বলেন, আমরা অবশ্যই কিরাআত পড়ি। তিনি বলেন, তোমরা তা করো না। তবে তোমাদের কেউ মনে মনে সূরা আল-ফাতিহা পড়তে পারে। হাদীসের মূল পাঠ আল-ফারিসীর।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন